

সিইউবি'র ফল-২০২৩ সেমিস্টারের ভর্তি কার্যক্রম শুরু

অনলাইন ডেস্ক

৮ আগস্ট ২০২৩ ০৫:২৬ পিএম | আপডেট: ৮ আগস্ট ২০২৩ ০৫:২৮ পিএম

1
Shares

CANADIAN UNIVERSITY OF BANGLADESH
Inspiring Applied Knowledge

ADMISSION OPEN

FALL 2023

Govt. & UGC Approved

www.cub.edu.bd
01707070280-84

Campus : Plot Kha, 201/1, Pragati Sarani
Dhaka 1212, Bangladesh

কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশে (সিইউবি) ফল-২০২৩ সেমিস্টারে ভর্তির পোস্টার

advertisement..

কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশে (সিইউবি) ফল-২০২৩ সেমিস্টারে ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। ভর্তিচ্ছুক শিক্ষার্থীরা চাইলে অনলাইনের মাধ্যমেও ভর্তি হতে পারবেন।

বর্তমানে বিশ্ববিদ্যালয়ে তিনটি অনুষদ রয়েছে। এগুলো হলো- বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ, বাণিজ্য অনুষদ, কলা ও সমাজবিজ্ঞান অনুষদ। এসব অনুষদের অধীনে বিভিন্ন বিভাগ রয়েছে। বিভাগগুলো থেকে স্নাতক পর্যায়ের প্রোগ্রামে রয়েছে শিপিং ও মেরিটাইম সায়েন্স, বিবিএ, সিএসই, ইইই, এলএল.বি, ইংলিশ, মিডিয়া কমিউনিকেশন ও জার্নালিজম এবং স্নাতকোত্তর পর্যায়ে রয়েছে মাস্টার্স ইন মেরিটাইম ট্রান্সপোর্টেশন ও লজিস্টিকস, এমবিএ ও ইএমবিএ। এছাড়া প্রথমবারের মত এমবিএ ডিগ্রি প্রত্যাশীদের জন্য রয়েছে বিজনেস ইন্সটিটিউট অ্যান্ড ডাটা এনালিটিক্স প্রোগ্রামে মেজর করার সুযোগ। এছাড়াও রয়েছে ডিজিটাল মার্কেটিং-এ মেজর নিয়ে এমবিএ করার সুযোগ।

advertisement

কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-ই দেশের একমাত্র বেসরকারি বিশ্ববিদ্যালয় যেখানে রয়েছে শিপিং এবং মেরিটাইম সাইন্স নিয়ে পড়াশোনার সুযোগ। শিপিং অ্যান্ড মেরিটাইম সায়েন্সে পড়ালেখার মাধ্যমে সমুদ্র অর্থনীতিতে চাকরির রয়েছে অব্যাহত সুযোগ সৃষ্টি হচ্ছে।

স্কুল অফ বিজনেসের সঙ্গে সংশ্লিষ্ট রয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ'র অধ্যাপক ড. রিদওয়ানুল হক। ডিনের দায়িত্ব পালন করছেন শিক্ষাবিদ প্রফেসর মুহাম্মদ জহুরুল আলম। এমবিএ ও ইএমবিএ'র কোর্স পরিচালনা করেন মার্কেটিংয়ের কিংবদন্তী শিক্ষক এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মিজানুর রহমান।

ব্যবসায় প্রশাসন বিভাগের বিভাগীয় প্রধান ইমোশোনাল ইন্টেলিজেন্স বিশেষজ্ঞ এবং ফিন্যান্সের প্রফেসর এস এম আরিফুজ্জামান। বিভাগে রয়েছেন প্রাক্তন মাস্টার জেনারেল অব অর্ডন্যান্স, সাপ্লাই চেইন বিশেষজ্ঞ মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) মোহাম্মাদ আবু সাঈদ সিদ্দিক, ইউনিমেড ইউনিহেলথ ফার্মাসিউটিক্যালস লিমিটেডের অ্যাসিস্টেন্ট জেনারেল ম্যানেজার এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ থেকে ডক্টরেট করা মো. আবু জাফর সাদেক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের সহযোগী অধ্যাপক শাহরিন আশরাফ।

বুয়েট, রুয়েট, কুয়েট এবং বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রথিতযশা শিক্ষকরা পাঠদান করাচ্ছেন বিশ্ববিদ্যালয়ের সিএসই এবং ইইই বিভাগে। এছাড়াও রয়েছে উন্নত কম্পিউটার ল্যাব এবং ডিজিটাল ক্লাসরুম। বিভাগের পক্ষ থেকে নিয়মিত আয়োজন করা হয় প্রোগ্রামিং কনটেস্ট, ইনোভেশন ইনকিউবেশন এনবং রোবোটিক্স প্রতিযোগিতা।

আরও পড়ুন: পাবনা মানসিক হাসপাতালে রোগী ভর্তি শুরু

আইন বিভাগ, কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশে রয়েছে অভিজ্ঞ এবং নবীনদের সমন্বয়ে গড়া শিক্ষকমণ্ডলী যারা দেশের এবং পৃথিবীর সমৃদ্ধ বিশ্ববিদ্যালয় থেকে গ্র্যাজুয়েশন করে এই বিভাগে শিক্ষকতা করছেন। আধুনিক গবেষণা উপযোগী শিক্ষা ব্যবস্থা, অনলাইন লাইব্রেরি, মুট কোর্ট, ডিবেট ইত্যাদি সুবিধাদি বিদ্যমান রয়েছে এই বিভাগে। জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন মুট কোর্ট প্রতিযোগিতায় নিয়মিতভাবে অংশগ্রহণ করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা উল্লেখযোগ্য সাফল্য অর্জন করছে। আইন বিষয়ে দক্ষ ও যোগ্য গ্র্যাজুয়েট তৈরিতে প্রতিজ্ঞাবদ্ধ কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশের আইন বিভাগ।

ইংলিশ বিভাগে রয়েছে মিশিগান ইউনিভার্সিটি থেকে ফুলব্রাইট স্কলারশিপ পাওয়া শিক্ষক মো. আবদুল্লাহ আল মামুন। তিনি এইখানে সহযোগী অধ্যাপক ও ভারপ্রাপ্ত প্রধান হিসেবে দায়িত্বরত আছেন।

তাছাড়াও মিডিয়া গ্র্যাজুয়েটদের শতভাগ চাকরির নিশ্চয়তা রয়েছে এই বিশ্ববিদ্যালয়ের মিডিয়া কমিউনিকেশন ও জার্নালিজম বিভাগে পড়ার মাধ্যমে।

এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে টিউশন ফির ওপরে ১০০ শতাংশ পর্যন্ত বৃত্তি থাকছে। এর মধ্যে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় যাদের জিপিএ-৫ রয়েছে, তারা প্রথম এক বছর টিউশন ফিতে শতভাগ ছাড় পাবেন। এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় যাদের সর্বমোট জিপিএ-৯.৫, তারা প্রথম সেমিস্টারে টিউশন ফিতে ৭০ শতাংশ স্কলারশিপ পাবেন। এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় যাদের সর্বমোট জিপিএ-৯, তারা প্রথম সেমিস্টারে টিউশন ফিতে ৫০ শতাংশ স্কলারশিপ পাবেন। স্নাতক পর্যায়ের সকল প্রোগ্রামে রয়েছে ৪০ শতাংশ ছাড়। মাস্টার্স ইন মেরিটাইম ট্রান্সপোর্টেশন ও লজিস্টিকস-এ ভর্তিতে রয়েছে ২৫ শতাংশ ছাড়। তাছাড়াও ৫০ শতাংশ ছাড়ে ভর্তি হওয়া যাবে ইইই (স্নাতক), এমবিএ (রেগুলার) প্রোগ্রামে ও ৬০ শতাংশ ছাড়ে ইএমবিএ (এক্সিকিউটিভ) প্রোগ্রামে।

তিন বা ততোধিক ছাত্র-ছাত্রী একসঙ্গে ভর্তি হলে টিউশন ফিতে অতিরিক্ত ৫ শতাংশ ছাড় পাওয়া যাবে। ভর্তি সংক্রান্ত সকল তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.cub.edu.bd) পাওয়া যাবে।